



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১২১

আগামীকাল রাজশাহীতে বেগম রোকেয়া দিবস উদযাপিত হবে

রাজশাহী, ২৩ অগ্রহায়ণ (০৮ ডিসেম্বর):

আগামীকাল সোমবার (৯ ডিসেম্বর) বেগম রোকেয়া দিবস। প্রতিবারের মতো এবারও যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের লক্ষ্যে কর্মসূচি গ্রহণ করেছে রাজশাহী জেলা প্রশাসন ও মহিলাবিষয়ক অধিদপ্তর।

দিবসটি উপলক্ষ্যে সকাল এগারোটায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে 'জয়িতা অন্বেষণে বাংলাদেশ' শীর্ষক কার্যক্রমের আওতায় জেলা ও মহানগর পর্যায়ে নির্বাচিত শ্রেষ্ঠ ১০ জন জয়িতাদের সংবর্ধনা প্রদান ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

জেলা প্রশাসক আফিয়া আখতারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/১৬.৪০ঘ.